# আউটডোর ডাইনিং এর জন্য হিটিং সিস্টেম (উত্তাপক ব্যবস্থা)

শীতকালের ঠাণ্ডা আবহাওয়াতে, বাইরে খাওয়ার সময় গ্রাহকদেরকে আরামদায়ক পরিবেশে রাখা চ্যালেঞ্জময় হতে পারে। এতে সহায়তা করতে, সাইডওয়াক এবং রোডওয়ে ডাইনিংয়ে আউটডোর হিটিং সিস্টেম স্থাপনে সিটি এর ওপেন রেস্টুরেন্ট প্রোগ্রাম অনুমোদন দেয়।

আউটডোর ডাইনিং ব্যবস্থার ক্ষেত্রে, NYC রেস্টুরেন্ট মালিকদেরকে তিনটি ভিন্ন হিটিং সিস্টেমের ধরন থেকে একটি ধরন বেছে নেওয়ার সুযোগ প্রদান করে:

1. **ইলেকট্রিক হিটার**
2. **প্রাকৃতিক গ্যাস দ্বারা চালিত হিটার**
3. **প্রোপেন হিটার**

এই তিন ধরনের হিটিং সিস্টেমের প্রতিটির নিজস্ব ব্যয়, সুবিধা এবং নির্দিষ্ট বিধি রয়েছে যা অবশ্যই মেনে চলতে হবে। আপনি যেই হিটিং সিস্টেম নির্বাচন করেন না কেন, আপনাকে নিশ্চিত করতে হবে যে হিটারগুলো যথাযথভাবে স্থাপন করা হয়েছে এবং নিরাপদে ব্যবহার করা হচ্ছে। এর অর্থ দাঁড়ায় যে লাইসেন্সপ্রাপ্ত পেশাজীবী দ্বারা কাজ করানো, প্রয়োজন অনুসারে অনুমতিপত্র সংগ্রহ করা এবং হিটার ব্যবহারের ক্ষেত্রে উৎপাদনকারীর নির্দেশাবলী অনুসরণ করা। উৎপাদনকারীর নির্দেশাবলী অনুসরণ করে হিটার ব্যবহার করতে ব্যর্থ হলে তার ফলস্বরূপ আগুনের গুরুতর ঝুঁকি সৃষ্টি হতে পারে।

## ইলেকট্রিক হিটিং সিস্টেম

নিচের সহজবোধ্য নির্দেশনাটি বিশেষভাবে সেই সকল খাবার ও পানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের মালিকদের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে যারা আউটডোর ডাইনিংয়ের জন্য কীভাবে ইলেকট্রিক হিটিং সিস্টেম স্থাপন করা যায় তার নির্দেশনা খুঁজছেন। আরো বিস্তারিত নির্দেশিকা এখানে আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে। মনে রাখবেন যে, নিউ ইয়র্ক সিটি (New York City, NYC)-তে সাইডওয়াক এবং রোডওয়ে উভয় স্থানে ইলেকট্রিক হিটার স্থাপনের অনুমতি রয়েছে।

### ধাপ 1 লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ ইলেকট্রিশিয়ান নিযুক্ত করা

- এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ এবং এটি এড়ানো যাবে না। আউটডোর ডাইনিং এর জন্য যদি আপনি একটি ইলেকট্রিক্যাল হিটিং সিস্টেম স্থাপন করতে চান, তাহলে আপনাকে **অবশ্যই** লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ ইলেকট্রিশিয়ান নিযুক্ত করতে হবে।
- আউটডোর ডাইনিং এর জন্য ইলেকট্রিক হিটার স্থাপন করতে, ভবনের বিদ্যমান ইলেকট্রিক তারের ব্যবস্থায় এবং উপযুক্ত আউটডোর আউটলেটে লাগানোর জন্য কাজ করানোর প্রয়োজন হতে পারে। এই কাজ করতে অনুমোদনের প্রয়োজন যা লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ ইলেকট্রিশিয়ান দ্বারা করানো যাবে। একটি অনুমোদিত ইলেকট্রিক ফাইলিং এবং DOB কাজের অনুমোদন ব্যতীত যেকোনো ইলেকট্রিক কাজ করা যাবে না।



- ডিপার্টমেন্ট অব বিল্ডিং সম্পর্কে ভালো ধারণা সম্পন্ন লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ ইলেকট্রিশিয়ান সকল প্রাসঙ্গিক বিধি সম্পর্কে অভিজ্ঞ থাকবেন, সঠিক অনুমোদন কীভাবে পাওয়া যাবে তা তারা জানতে পারবেন এবং নতুন হিটিং সিস্টেমের জন্য প্রয়োজনীয় ইলেকট্রিক তারের কাজ করতে তারা সক্ষম হবেন।
- আপনি ডিপার্টমেন্টের বিল্ডিং ইনফরমেশন সিস্টেম (BIS) এর ওয়েবসাইট ভিজিট করে ইলেকট্রিশিয়ানদের লাইসেন্সের অবস্থা দেখতে পারবেন।
- নিউ ইয়র্ক সিটিতে সকল ধরনের ইলেকট্রিক কাজ লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ ইলেকট্রিশিয়ান দ্বারা করানো উচিত। নিউ ইয়র্ক সিটিতে অযোগ্য ব্যক্তি দ্বারা ইলেকট্রিক কাজ করানো বিপজ্জনক এবং অবৈধ।

### ধাপ 2 পরিদর্শন সম্পন্ন করা

- আপনার নতুন ইলেকট্রিক আউটডোর হিটিং সিস্টেম স্থাপন করার জন্য লাইসেন্সপ্রাপ্ত আপনার দক্ষ ইলেকট্রিশিয়ান অনুমতিপত্র সংগ্রহ এবং কাজ সম্পাদন করার পরে, যখন তারা একে নিরাপদ এবং সম্পূর্ণ মনে করেন, তখন তারা এটি চালু করতে পারেন। সিস্টেম চালু করতে ভবন বিভাগের (Department of Buildings, DOB) পরিদর্শনের জন্য অপেক্ষা করার প্রয়োজন না হলেও, একটি পরিদর্শন করানো তারপরেও আবশ্যক এবং এটি অবশ্যই পরিচালনা করাতে হবে।
- অনুগ্রহ করে মনে রাখবেন যে, যদিও কিছু ছোটখাটো ইলেকট্রিক কাজের জন্য DOB পরিদর্শনের প্রয়োজন হয় না, তবে নতুন তার ব্যবস্থা এবং আউটলেটের ক্ষেত্রে পরিদর্শনের প্রয়োজন রয়েছে। সেই সাথে, যদি কোনো নতুন ইলেকট্রিক প্যানেল স্থাপন করা হয়, তাহলে সেই প্যানেল সক্রিয় করার পূর্বে একটি খসড়া ইলেকট্রিক পরিদর্শন করানো প্রয়োজন। প্রয়োজনীয় সকল পরিদর্শনের জন্য, আপনার ইলেকট্রিশিয়ান DOB-এর কাছে একটি আনুষ্ঠানিক পরিদর্শন করার আবেদন দাখিল করতে পারেন। আবেদন দাখিল করার পর, সবকিছু নিরাপদ এবং কোড অনুসারে রয়েছে তা নিশ্চিত করতে DOB নির্দিষ্ট ঠিকানায় একজন পরিদর্শককে প্রেরণ করবে।

### ধাপ 3 আপনার হিটিং সিস্টেম চালু করা

- এখন যেহেতু ইলেকট্রিক হিটিং সিস্টেম যথার্থভাবে স্থাপন এবং পরিদর্শন করানো হয়েছে, তাই আপনার রেস্টুরেন্টের কর্মীরা আপনার আউটডোর হিটিং সিস্টেম চালু এবং পরিচালনা করতে পারবেন।
- হিটার স্থাপনের নির্দেশাবলী এবং কীভাবে সেগুলি উত্তমরূপে সুরক্ষিত করা যায় সেগুলো সহ, ইলেকট্রিক হিটিং সিস্টেম ব্যবহারকালে সবসময় উৎপাদনকারীর নির্দেশাবলী অনুসরণ করতে ভুলবেন না।

## প্রাকৃতিক গ্যাস চালিত হিটিং সিস্টেম:

নিচের সহজবোধ্য নির্দেশনাটি বিশেষভাবে সেই সকল খাবার ও পানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের মালিকদের উদ্দেশ্যে তৈরি করা হয়েছে যারা আউটডোর ডাইনিংয়ের জন্য কীভাবে প্রাকৃতিক গ্যাস চালিত হিটিং সিস্টেম স্থাপন করা যায় তার নির্দেশনা খুঁজছেন। আরো বিস্তারিত নির্দেশিকা এখানে আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে। মনে রাখবেন যে, NYC-তে প্রাকৃতিক গ্যাস চালিত হিটার শুধুমাত্র সাইডওয়াকের ক্ষেত্রে প্রযোজ্য। আপনি সেগুলো রোডওয়েতে স্থানান্তর করতে পারবেন না।

### ধাপ 1 লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ প্লাম্বার (পানির মিস্ত্রি) নিযুক্ত করা

- এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ এবং এটি এড়ানো যাবে না। আউটডোর ডাইনিং এর জন্য যদি আপনি প্রাকৃতিক গ্যাস চালিত একটি হিটিং সিস্টেম স্থাপন করতে চান, তাহলে আপনাকে **অবশ্যই** লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ প্লাম্বার নিযুক্ত করতে হবে।
- আউটডোর ডাইনিং এর জন্য প্রাকৃতিক গ্যাস চালিত হিটার স্থাপন করতে, ভবনের বিদ্যমান প্রাকৃতিক গ্যাস পাইপিং ব্যবস্থায় কাজ করানোর প্রয়োজন হতে পারে। এই কাজ করতে অনুমোদনের প্রয়োজন যা লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ প্লাম্বার দ্বারা সংগ্রহ করা যাবে। একটি অনুমোদিত LAA ফাইলিং এবং DOB কাজের অনুমোদন ব্যতীত গ্যাস সংক্রান্ত যেকোনো কাজ করা যাবে না।
- ডিপার্টমেন্ট অফ বিল্ডিং অনুমোদিত লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ প্লাম্বার সকল প্রাসঙ্গিক বিধি সম্পর্কে অবহিত থাকবেন, সঠিক অনুমোদন কীভাবে পাওয়া যাবে তা তারা জানতে পারবেন এবং নতুন হিটিং সিস্টেমের জন্য প্রয়োজনীয় গ্যাস প্লাম্বিং এর কাজ করতে তারা সক্ষম হবেন।
- আপনি ডিপার্টমেন্টের বিল্ডিং ইনফরমেশন সিস্টেম (BIS) এর ওয়েবসাইট ভিজিট করে প্লাম্বারদের লাইসেন্সের অবস্থা দেখতে পারবেন।
- নিউ ইয়র্ক সিটিতে গ্যাস প্লাম্বিং সংক্রান্ত সকল ধরনের কাজ লাইসেন্সপ্রাপ্ত একজন দক্ষ প্লাম্বার অথবা গ্যাস সম্পর্কিত কাজে যোগ্যতাসম্পন্ন যেকোনো ব্যক্তি দ্বারা করানো উচিত। নিউ ইয়র্ক সিটিতে অযোগ্য ব্যক্তি দ্বারা গ্যাস সংক্রান্ত কাজ করানো বিপজ্জনক এবং অবৈধ।

## ধাপ 2 পরিদর্শন সম্পন্ন করা

- DOB - প্রাকৃতিক গ্যাস চালিত আপনার নতুন আউটডোর হিটিং সিস্টেম স্থাপন করার জন্য লাইসেন্সপ্রাপ্ত আপনার দক্ষ প্লাম্বার অনুমতিপত্র সংগ্রহ এবং কাজ সম্পাদন করার পরে, কাজটি আপনাকে DOB দ্বারা পরিদর্শন করাতে হবে। আপনার প্লাম্বার DOB-এর কাছে একটি আনুষ্ঠানিক পরিদর্শন করার আবেদন দাখিল করতে পারেন। আবেদন দাখিল করার পর, সবকিছু নিরাপদ এবং কোড অনুসারে রয়েছে তা নিশ্চিত করতে DOB নির্দিষ্ট ঠিকানায় একজন পরিদর্শককে প্রেরণ করবে।

- FDNY - DOB-এর পরিদর্শনের পর, সম্পন্ন কাজ NYC ফায়ার কোড অনুসরণ করে তা নিশ্চিত করতে, নিউ ইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্ট (New York City Fire Department, FDNY) দ্বারা একটি অতিরিক্ত পরিদর্শন করানো প্রয়োজন। লাইসেন্সপ্রাপ্ত আপনার দক্ষ প্লাম্বার FDNY-এর সাথে এই পরিদর্শনের সময়সূচি নির্ধারণও করতে পারবেন। আপনার নতুন স্থাপিত প্রাকৃতিক গ্যাস চালিত হিটিং সিস্টেম বৈধভাবে ব্যবহার করতে আপনাকে অবশ্যই FDNY-এর অনুমতিপত্র এবং ফিটনেস সার্টিফিকেট সংগ্রহ করতে হবে।

- ইউটিলিটি কোম্পানি – আপনার সকল পরিদর্শন করানোর পর, লাইসেন্সপ্রাপ্ত আপনার দক্ষ প্লাম্বার এরপর আপনার স্থানীয় ইউটিলিটি কোম্পানিতে কল করতে পারেন, যারা আপনার নতুন প্রাকৃতিক গ্যাস চালিত হিটিং সিস্টেমের জন্য গ্যাস সেবা চালু করবেন।

## ধাপ 3 আপনার হিটিং সিস্টেম চালু করা

- এখন যেহেতু গ্যাস হিটিং সিস্টেম যথার্থভাবে স্থাপন, পরিদর্শন করানো হয়েছে এবং ইউটিলিটি সংস্থা গ্যাস কোম্পানি দ্বারা গ্যাস সেবা চালু করা হয়েছে, তাই এখন আপনার রেস্টুরেন্টের কর্মীরা আপনার আউটডোর হিটিং সিস্টেম চালু এবং পরিচালনা করতে পারবেন।

- হিটার স্থাপনের নির্দেশাবলী এবং কীভাবে সেগুলি উত্তমরূপে সুরক্ষিত করা যায় সেগুলো সহ, প্রাকৃতিক গ্যাস দ্বারা চালিত হিটিং সিস্টেম ব্যবহারকালে সবসময় উৎপাদনকারীর নির্দেশাবলী অনুসরণ করতে ভুলবেন না।

## প্রোপেন হিটার

প্রোপেন হিটার হচ্ছে স্বয়ংসম্পূর্ণ হিটিং উপাদান যা তাপ সরবরাহ করার জন্য হিটারের ভিতরে থাকা প্রতিস্থাপনযোগ্য প্রোপেন গ্যাস ট্যাঙ্কের উপর নির্ভর করে।

এই হিটারগুলোর জন্য DOB অনুমতিপত্র বা পরিদর্শনের প্রয়োজন হয় না, তবে এগুলো FDNY-এর বিধির অন্তর্ভুক্ত।

NYC-এ আউটডোর ডাইনিং এর জন্য প্রোপেন হিটার ব্যবহারের আরো তথ্য জানতে অনুগ্রহ করে FDNY এর ওয়েবসাইট ভিজিট করুন।



NYC Buildings